

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ০৩ জুন, ২০২৪খ্রি.


## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৩/০৬/২০২৪ তারিখ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের পরিচালক জনাব মোঃ আব্দুস সোবহান এর নেতৃত্বে "মালিবাগ কাঁচা বাজার" মালিবাগ, ঢাকাতে সমন্বিত মনিটরিং ও মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানের শুরুতেই মাংসের দোকানগুলো পরিদর্শনকালে বেনামী একটি মাছের দোকানে অল্প কিছু পঁচা চিংড়ি, বাইন এবং আইর মাছ পাওয়া যায়। এ ব্যাপারে মাছের দোকানদারের কাছে জানতে চাওয়ায় তিনি বলেন, "মাছ গুলো তারা একটু পর ফেলে দিবেন"। পরবর্তিতে মাছ গুলো নির্ধারিত পদ্ধতিতে জন্দ করে ধুঁস করা হয় এবং যেসকল অনিয়ম পাওয়া যায় সেগুলো দোকান মালিক কে আগামী ০৭ দিনের মধ্যে সমাধান করার আদেশ প্রদান করা হয়। পরবর্তিতে মুরগির বাজার পরিদর্শন করা হয়। এসময় একটি দোকানে একটি মরা মুরগি পাওয়া যায়। এ ব্যাপারে মুরগির দোকানের মালিক বলেন, "এই মুরগিটি কিছুক্ষন আগেই মারা যায় এবং কিছুক্ষনের ভিতরেই ফেলে দেওয়া হবে"। এছাড়াও বেশকিছু পাইকারি মুদি দোকানে পরিদর্শনকালে লেবেলিং-এ অনিয়ম দেখা যায় এবং সেসকল অনিয়ম আগামী ০৭ দিনের মধ্যে সমাধান করার আদেশ প্রদান করা হয়।

অভিযান শেষে মাছ-মাংসসহ অন্যান্য খাদ্য ব্যবসায়ীদের উদ্দেশ্যে খাদ্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষন ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে সঠিক নিয়ম অনুসরণের নির্দেশনা দেয়া হয় ও লিফলেট বিতরণ করা হয়।

অভিযানকালে এ এইচ এম আসিফ বিন ইকরাম, উপপরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ; মৎস্য অধিদপ্তরের ১ জন প্রতিনিধি, প্রানীসম্পদ অধিদপ্তরের ১ জন প্রতিনিধি এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের মনিটরিং অফিসার জনাব মোঃ আসলাম উদ্দিন; নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব মাহমুদুল হাছান আনচারী; বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্টিং স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি টৌকস টিম উপস্থিত ছিলেন।

  
০৩/০৬/২০২৪

(মোঃ আখতার মামুন)

পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: [director.enforcement@bfsa.gov.bd](mailto:director.enforcement@bfsa.gov.bd)

ফোনঃ ০২-২২২২২২৩৬০১

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।